দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 01 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 4

# ছাত্র সংঘর্ষ ॥ চট্টগ্রাম বাণিজ্য কলেজ বন্ধ ঘোষণা

( চট্টগ্রাম অফিস )

গতকাল সোমবার চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজে ২টি ছাত্র সংগঠনের মধ্যে এক সশস্ত্র সংঘর্ষের পর কলেজটি অনির্দিষ্ট-

( ১১শ পৃঃ দ্রঃ )

## চট্টগ্রাম বাণিজ্য কলেজে

(১ম পৃঃ পর)

কালের জন্য বন্ধ ঘোষণা এবং আবাসিক ছাত্রদের হোস্টেল ত্যাগ করিতে নির্দেশ দেওয়া হইয়াছে। গত মার্চ মাস হইতে সংঘর্ষের কারণে কলেজটি আরো ২ দফা বন্ধ রাখা হইয়াছিল। এসব সংঘর্ষে ১ জন ছাত্র নিহত এবং প্রায় ২০ জন আহত হয়।

গতকাল সোমবার বেলা ১১টায় কলেজ প্রাঙ্গণে প্রায় অর্ধ ঘন্টাকাল সংঘর্ষ হয়। এসময় সমগ্র আগ্রাবাদ বাণিজ্য এলাকায় আতংক ছড়াইয়া পড়ে। সংঘর্ষে ২য় বর্ষের ছাত্র গোলাম রব্বানী গুলীবিদ্ধ হয়। তাহাকে গুরুতর অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। ইসলামী ছাত্রশিবির এক প্রেস বিজ্ঞপ্তিতে ঘটনার জন্য ছাত্রলীগ (হা-অ)-কে দায়ী করিয়া বলিয়াছে, এই হামলায় গোলাম রব্বানী ছাড়াও তাহাদের আরো ১০ জন কর্মী আহত হইয়াছে। অপরদিকে, ছাত্র সংগ্রাম পরিষদ, চট্টগ্রাম এক প্রেস বিজ্ঞপ্তিতে ছাত্র শিবিরের সশস্ত্র দল হামলা চালায় বলিয়া অভিযোগ করিয়াছে। কলেজের অধ্যক্ষ, কলেজের বাহিরে সংঘর্ষ ঘটে বলিয়া জানান।